# মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ১৮২

মুসনাদে উমার ইবনুল খাত্তাব (রাঃ) [উমারের বর্ণিত হাদীস] (مسند عمر بن الخطاب)

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، أَنَا سَأَلْتُهُ، حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ الْمُغِيرَةِ، حَدَّثَنَا ثَابِتٌ عَنْ أَنَسٍ، قَالَ: كُنَّا مَعَ عُمَرَ بَيْنَ مَكَّةَ وَالْمَدِينَةِ، فَتَرَاءَيْنَا الْهِلَالَ، وَكُنْتُ حَدِيدَ الْبَصَرِ فَرَأَيْتُهُ، فَجَعَلْتُ أَقُولُ لِعُمَرَ: أَمَا تَرَاهُ؟ قَالَ: سَأَرَاهُ وَأَنَا مُسْتَلْقٍ عَلَى فِرَاشِي. ثُمَّ أَخَذَ يُحَدِّثُنَا عَنْ أَهْلِ بَدْرٍ، قَالَ: إِنْ كَانَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ لَيُرِينَا مَصَارِعَهُمْ بِالْأَمْسِ، يَقُولُ: هَذَا مَصْرَعُ فُلَانٍ غَدًا، إِنْ شَاءَ اللهُ، وَهَذَا مَصْرَعُ فُلَانٍ غَدًا، إِنْ شَاءَ اللهُ، قَالَ: فَجَعَلُوا يُصْرَعُونَ عَلَيْهَا، قَالَ: قُلْتُ: وَالَّذِي بَعَثَكَ بِالْحَقِّ مَا أَخْطَئُوا تِيكَ، كَانُوا يُصْرَعُونَ عَلَيْهَا ثُمَّ أَمَرَ بِهِمْ فَطُرِحُوا فِي بِئْرٍ، فَانْطَلَقَ إِلَيْهِمْ، فَقَالَ: " يَا فُلَانُ، يَا فُلَانُ، هَلْ وَجَدْتُمْ مَا وَعَدَكُمُ اللهُ حَقًّا، فَإِنِّي وَجَدْتُ مَا وَعَدَنِي اللهُ حَقًّا "، قَالَ عُمَرُ: يَا رَسُولَ اللهِ، أَتُكَلِّمُ قَوْمًا قَدْ جَيَّفُوا؟ قَالَ: مَا أَنْتُمْ بِأَسْمَعَ لِمَا أَقُولُ مِنْهُمْ، وَلَكِنْ لَا يَسْتَطِيعُونَ أَنْ يُجِيبُوا

إسناده صحيح على شرط الشيخين

وأخرجه النسائي 4 / 108 عن عمرو بن علي، عن يحيى، بهذا الإسناد

وأخرجه الطيالسي (40) ، ومسلم (2873) ، والبزار (222) ، وأبو يعلى (140) من طرق عن سليمان بن المغيرة، به

قوله: " قد جَيَّفوا "، أي: أنتنوا، والجِيفةُ: جثة الميت إذا أنتن.

وقوله: ما أنتم وأسمع "، قال السندي: استدلوا به على أن الميت يسمع، وقيل بل هو خاص بهؤلاء، وهو دعوى لا عبرة بها، كيف وقد جاء عذاب القبر وهو يقتضي نوع حياة، فلا يُستبعد السماع، والله تعالى أعلم

বাংলা

১৮২। আনাস (রাঃ) বলেন, আমরা উমার (রাঃ)-এর সাথে মক্কা ও মদীনার মাঝে ছিলাম। এ সময় আমরা চাঁদ দেখাদেখি করছিলাম। আমার দৃষ্টিশক্তি খুব তীক্ষ্ম ছিল। তাই আমি চাঁদ দেখতে পেলাম। আমি উমার (রাঃ) কে বললাম, আপনি কি চাঁদ দেখতে পাচ্ছেন না? উমার (রাঃ) বললেন, পরে বিছানায় শুয়ে শুয়েই দেখতে পাবো। অতঃপর তিনি বদরের যোদ্ধাদের ঘটনা বর্ণনা করতে আরম্ভ করলেন। বললেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে তাদের (কাফিরদের) নিহত হওয়ার স্থান আগের দিনে দেখাতেন। বলতেনঃ এই খানে অমুক ব্যক্তি ইনশাআল্লাহ আগামী কাল নিহত হবে, এই খানে অমুক ব্যক্তি ইনশাআল্লাহ আগামীকাল নিহত হবে, এরপর তারা একে একে নিহত হতে লাগলো। আমি বললামঃ আল্লাহর কসম, যিনি আপনাকে সত্য দীন দিয়ে পাঠিয়েছেন, ওরা আপনার এই ভবিষ্যদ্বাণী ভ্রান্ত প্রমাণ করতে পারেনি। ওরা সত্যিই নিহত হচ্ছিল।

এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নির্দেশে তাদের লাশগুলো একটি কুয়ায় নিক্ষেপ করা হলো। অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের দিকে এগিয়ে গেলেন এবং বললেন, হে অমুক, হে অমুক, আল্লাহ তোমাদেরকে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন তা পেয়েছ তো? আমি তো আল্লাহ আমাকে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, তা নিশ্চিতই পেয়েছি। উমার (রাঃ) বললেনঃ ইয়া রাসূলাল্লাহ, যারা লাশে পরিণত হয়েছে, তাদের সাথে আপনি কথা বলছেন? তিনি বললেন, আমার কথা তোমাদের চেয়েও ওরা ভালো শুনতে পাচ্ছে। তবে তারা সাড়া দিতে পারছে না। [মুসলিম]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=63006

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন